বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৬-২০১৭/২৭৯(২৫)

তারিখ ঃ ০৭-০৯-২০১৬

০১। বিভাগীয় মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়, ঢাকা ও চট্টগ্রাম
০২। মহাব্যবস্থাপক, আইসিটি মহাবিভাগ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, ঢাকা ও চট্টগ্রাম।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমুহ আগামী ১০ ও ১১ সেপ্টেম্বর ২০১৬ তারিখ (শনিবার ও রবিবার) খোলা রাখা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন হতে ২১ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ/ ০৫ সেপ্টেম্বর, ২০১৬ খ্রীষ্টাব্দ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২০ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য এতদ্সংগে প্রেরণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার লেটার এর নির্দেশনার প্রেক্ষিতে আসন্ন ঈদ-উল আযহার পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, নারায়নগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকায় আগামী ১০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শনিবার ও ১১ সেপ্টেম্বর ২০১৬ তারিখ রবিবার পূর্ণদিবস (লেনদেন সময়সূচীঃ সকাল ১০টা হতে বিকাল ৪টা পর্যন্ত) পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক খোলা রাখার জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক, ঢাকা ও চট্টগ্রাম তাঁদের আওতাধীন উপরে বর্ণিত সংশ্লিষ্ট শাখাসমূহকে উপরোল্লিখিত তারিখে খোলা রাখার প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ব্যাংকের অন-লাইনভূক্ত শাখাসমূহে ট্রানজাকশন নিরবিচ্ছিন্ন রাখার লক্ষ্যে প্রধান কার্যালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী আগামী ১০ ও ১১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে অফিসে উপস্থিত থাকবেন।

০৩। উল্লেখ্য, ১০ ও ১১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিন অফিসের কাজে উপস্থিত থাকার জন্য অত্র বিভাগ হতে গত ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক জন প্রতি কর্মকর্তাগণকে ৪০০/-(চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/-(তিন শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন যাতায়াত/মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,

অনুমোদনক্রমে-

সংযুক্তি ঃ বর্ণনামতে।

০৭।৯।১৬
(এ, আর, মামুন)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৬-২০১৭/২৭৯(২৫)

তারিখ ঃ ০৭-০৯-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা ও চট্টগ্রাম।
৫। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম।
৭। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান আলী সিরাজী)
সহকারী মহাব্যবস্থাপক

F:Khalafot/Bank Holiday

# বাংলাদেশ ব্যাংক
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


২১ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------------
০৫ সেপ্টেম্বর, ২০১৬ খ্রীষ্টাব্দ

ডিওএস সার্কুলার লেটার নং-২০

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ১০ ও ১১ সেপ্টেম্বর ২০১৬ তারিখ (শনিবার ও রবিবার) খোলা রাখা প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে স্মরণযোগ্য যে, ০৭/১২/২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক বর্তমানে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ প্রতি শুক্রবার ও শনিবার এবং দেশের অপরাপর স্থানে অবস্থিত বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ শনিবার স্বীয় বিবেচনায় খোলা রাখার নির্দেশনা বহাল রয়েছে।

০২) আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের কেবলমাত্র তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক **আগামী ১০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শনিবার ও ১১ সেপ্টেম্বর ২০১৬ তারিখ রবিবার পূর্ণদিবস (লেনদেন সময়সূচীঃ সকাল ১০টা হতে বিকাল ৪টা পর্যন্ত)** খোলা রাখার পরামর্শ দেয়া যাচ্ছে। এতদ্‌প্রেক্ষিতে, ১৯ ডিসেম্বর ২০১৩ তারিখ জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এর নির্দেশনা পরিপালন করার জন্য আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০৩) উল্লিখিত ছুটির দিনে অফিসের কাজে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীগণকে যুক্তিসংগত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া হচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-
(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২০৭